বিজ্ঞপ্তি নং-১২/২০২৩

পায়রা বন্দর কর্তৃপক্ষ
কলাপাড়া, পটুয়াখালী
www.ppa.gov.bd

নম্বর-১৮.২১.৭৮৬৬.০০১.১১.০৫৯.২৩.৭৬১

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পায়রা বন্দর কর্তৃপক্ষের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত নিম্নলিখিত পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে অনলাইনে (Online) এ http://ppa.teletalk.com.bd নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইনে (Online) ব্যতিত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী পরিচালক (এস্টেট)<br>টাঃ ২২০০০ - ৫৩০৬০/- (৯ম গ্রেড) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ এলএল.বি. ডিগ্রি; অথবা<br>(খ) এলএল.এম. ডিগ্রি।<br>তবে সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত/বেসরকারি সংস্থায় সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ০২ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>টাঃ ১৬০০০ - ৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং। |
| ০৩ | নিরাপত্তা কর্মকর্তা<br>টাঃ ১২৫০০ -৩০২৩০ /- (১১তম গ্রেড) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৪০ বৎসর। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রার্থীদের অবশ্যই কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিম্নেবর্ণিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হইতে হইবে:<br>➢ **প্রার্থীদের জন্যঃ**<br>১. উচ্চতা: কমপক্ষে ৫ ফুট ৫ ইঞ্চি।<br>২. বুকের মাপ: স্বাভাবিক কমপক্ষে ৩০ ইঞ্চি, প্রসারণ কমপক্ষে ৩২ ইঞ্চি।<br>➢ **প্রার্থীর ক্ষেত্রে অন্যান্য শারীরিক /ডাক্তারী যোগ্যতাঃ**<br>১. দৃষ্টিশক্তি ৬x৬ হতে হবে। বর্ণান্ধ (Colour Blind) হতে পারবে না;<br>২. রক্তচাপ স্বাভাবিক;<br>৩. দীর্ঘস্থায়ী অথবা সংক্রামক দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে থাকলে অযোগ্য বিবেচিত হবে। হেপাটাইটিস 'বি' নিগেটিভ ($HB_S$ Ag 'Negative') হতে হবে;<br>**ওজন:** উচ্চতা, বয়স অনুপাতে বাংলাদেশের জন্য সরকারী সংস্থা/সামরিক/আধা সামরিক বাহিনীর জন্য প্রযোজ্য তালিকা অনুযায়ী অনুসৃত হবে; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ০৪ | ট্রাফিক ইন্সপেক্টর<br>টাঃ ১১০০০ - ২৬৫৯০/- (১৩তম গ্রেড) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৪০ বৎসর। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) ইংরেজি ও বাংলা টাইপিং এ অভিজ্ঞ প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ০৫ | ল্যান্ড সার্ভেয়ার<br>টাঃ ৯৩০০ - ২২৪৯০/- (১৬তম গ্রেড) | ০২ (দুই) টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে সার্ভে ফাইনাল সার্টিফিকেট অথবা ডিপ্লোমা-ইন-সার্ভে টেকনোলজি ডিগ্রি। |
| ০৬ | অফিস সহায়ক<br>টাঃ ৮২৫০ -২০০১০/- (২০তম গ্রেড) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | (ক) অষ্টম শ্রেণি পাশ বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

**নিয়োগের শর্তাবলি** :-

১। প্রার্থীর বয়স ১-১২-২০২৩ খ্রি. তারিখে সর্বোচ্চ ৩০ বছর (ক্রমিক নং-৩ ও ৪ এর জন্য সর্বোচ্চ ৪০ বছর) এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বৎসর।

২। প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রে সকল প্রকার কোটা অনুসরণ করা হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে "পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৭" এবং সরকারের বিদ্যমান ও পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৫। বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের স্কুল/সাময়িক সনদের সত্যায়িত কপি; বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৬। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সকল সনদের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। প্রার্থী প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

১০। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলি :-

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থী http://ppa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. **Online**-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৭-১২-২০২৩ তারিখ সকাল ১০.০০ থেকে।

ii. **Online**-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০-১২-২০২৩ তারিখ বিকাল ৫.০০ পর্যন্ত।
উক্ত সময়সীমার মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ **Online**-এ আবেদনপত্র **Submit**-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার (অর্থাৎ ০২-০১-২০২৪ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত) মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS **প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং ক্রমিকের পদের জন্য ৬০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬৯ টাকাসহ ৬৬৯ টাকা , ২ নং ক্রমিকের পদের জন্য ৫০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৫৮ টাকাসহ ৫৫৮ টাকা, ০৩ নং ক্রমিকের পদের জন্য ৩০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৩৫ টাকাসহ ৩৩৫ টাকা, ৪-৫ নং ক্রমিকের পদের জন্য ২০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩ টাকাসহ ২২৩ টাকা এবং ৬ নং ক্রমিকের পদের জন্য ১০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২ টাকাসহ ১১২ টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য,** "Online-এ **আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত** Online **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না**"।

প্রথম **SMS**: PPA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PPA ABCDEF

Reply: Applicant's Name, Tk- 600/100 will be charged as application fee. Your PIN is xxxxxxxxx. To pay fee Type PPA<Space>Yes<Space>PIN and send to 16222.
দ্বিতীয় **SMS**: PPA<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PPA YES xxxxxxxxx.

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for PPA Application for xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://ppa.teletalk.com.bd **অথবা,** www.ppa.gov.bd এর **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম** (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে PPA<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: PPA HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: PPA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: PPA HELP PIN 12345678.

ঝ. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd এবং recruitment.ppa17@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১২। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পায়রা বন্দর কর্তৃপক্ষের নিজস্ব ওয়েব সাইট ( www.ppa.gov.bd ) এ পাওয়া যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

10.12.23

**তায়েবুর রহমান**
উপপরিচালক (সংস্থাপন ও নিয়োগ)
পায়রা বন্দর কর্তৃপক্ষ